

জেলা

## রাজশাহী বিশ্ববিদ্যালয়ে সাড়ে তিন হাজার কোটি টাকার প্রকল্প অনুমোদন, নির্মিত হবে নতুন ৬ হল

প্রতিনিধি রাজশাহী বিশ্ববিদ্যালয়

আপডেট: ২৯ অক্টোবর ২০২৫, ০৮: ৩৯



রাজশাহী বিশ্ববিদ্যালয় ফাইল ছবি

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ‘উচ্চতর গবেষণা ও উন্নয়ন’ শীর্ষক প্রায় সাড়ে তিন হাজার কোটি টাকার উন্নয়ন প্রকল্প  
প্রস্তাব (ডিপিপি) অনুমোদন করা হয়েছে। এ প্রকল্পে ছাত্র-ছাত্রীদের তিনটি করে মোট ছয়টি নতুন আবাসিক হল  
নির্মাণ, একটি হলসহ বেশ কিছু ভবন পুনর্নির্মাণ করা হবে। গতকাল মঙ্গলবার রাতে বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ  
দণ্ডের থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

এর আগে গত সোমবার সন্ধ্যায় বিশ্ববিদ্যালয় সর্বোচ্চ নীতিনির্ধারণী ফোরাম সিভিকেটের ৫৪৩তম সভায় এই প্রকল্প প্রস্তাব অনুমোদন দেওয়া হয়।

বিজ্ঞপ্তিতে উন্নয়ন প্রকল্প বিবরণীতে বলা হয়, প্রস্তাবিত প্রকল্পে আছে ছাত্রদের জন্য তিনটি ও ছাত্রীদের জন্য তিনটি নতুন হল নির্মাণ, শেরে বাংলা ফজলুল হক হল পুনর্নির্মাণ, চিকিৎসা কেন্দ্র, বরেন্দ্র গবেষণা জাদুঘর ও জুবেরী হাউসসহ কয়েকটি একাডেমিক ও প্রশাসনিক ভবন পুনর্নির্মাণ, ইনোভেশন হাব নির্মাণ, ক্যাম্পাসের অভ্যন্তরীণ সড়ক নির্মাণ ও সংক্ষার ইত্যাদি।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, চূড়ান্ত অনুমোদনসহ প্রয়োজনীয় সরকারি প্রক্রিয়া সম্পন্ন হলে এই উন্নয়ন প্রকল্প ২০২৬-২০২৭ অর্থবছর থেকে পরবর্তী তিন বছরের মেয়াদে বাস্তবায়িত হবে।

উন্নয়ন প্রকল্প বাস্তবায়িত হলে সাত হাজার শিক্ষার্থীর আবাসন নিশ্চিত হবে উল্লেখ করে বিজ্ঞপ্তিতে বলা হয়, প্রস্তাবের অন্তর্ভুক্ত হল, হোষ্টেল ও ডরমিটরি নির্মাণ সম্পন্ন হলে অতিরিক্ত সাত হাজারেরও বেশি শিক্ষার্থীর আবাসনের ব্যবস্থা এবং উচ্চতর গবেষণাগারের জন্য যন্ত্রপাতি ও সরঞ্জাম সংগ্রহ হলে গবেষণার ক্ষেত্রে প্রভৃতি হবে।

